# NYC পাবলিক স্কুলসমূহে রূপান্তর এবং আস্থা গড়ে তোলার দর্শন

## চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks), 2 মার্চ, 2022

## ভূমিকা

শুভ সকাল! আপনারা আজ আমার সাথে এখানে, টুইডে (প্রধান অফিস), সশরীরে এবং আমাদের সরাসরি সম্প্রচারে ভার্চুয়ালভাবে যোগ দেয়ার জন্য ধন্যবাদ।

মাত্র দুই মাস আগে চ্যান্সেলর হবার পর, আমি ভাবছি আপনাদের সাথে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোর জন্য আমার দর্শন এবং কীভাবে আমরা একত্রে ঐ দর্শন বাস্তবায়ন করবো, সেবিষয়ে আরও বিস্তারিত তথ্য দেয়ার এখনই ভাল সময়। এছাড়াও এই স্বল্প সময়ের মধ্যে আমরা ইতোমধ্যে যা অর্জন করেছি সেজন্য আমার কৃতজ্ঞতা জ্ঞাপন করতে চাই।

প্রথমত, ওমিক্রন ভাইরাসের প্রবল সংক্রমণের মুখে আমাদের শিক্ষার্থীবৃন্দ, পরিবারবর্গ, এবং কর্মীবৃন্দ এগিয়ে আসায় মেয়র অ্যাডামস্ এবং আমি কতটা গর্বিত তা বলে বোঝাতে পারবো না। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্, দ্যা টেস্ট অ্যান্ড ট্রেস কর্পস্, নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট, গভর্নর ক্যাথি হোকাল (Kathy Hochul), UFT প্রেসিডেন্ট মাইকেল মালগ্রিউ (Michael Mulgrew), CSA প্রেসিডেন্ট মার্ক ক্যানিজ্জারো (Mark Cannizzaro), ডিস্ট্রিক্ট কাউন্সিল 37 এক্সিকিউটিভ ডিরেক্টর হেনরি গ্যারিড্যো (Henry Garrido), লোকাল 237 প্রেসিডেন্ট গ্রেগ ফ্লয়েড (Greg Floyd), 891 প্রেসিডেন্ট রবার্ট ট্রলার (Robert Troller), এবং আরো অনেক অংশীদারদের সাথে একত্রে কাজ করে, আমাদের 'নিরাপদ থাকুন, সব চালু রাখুন' (স্টে সেফ, স্টে ওপেন) পরিকল্পনাটি জানুয়ারির প্রথমভাগের সংক্রমণের হার 16% থেকে কমিয়ে ফেব্রুয়ারির শুরুতে 1%-এর নিচে নামিয়ে আনতে সক্ষম হয়েছে।

আমাদের প্রতিষ্ঠানসমূহ খোলা রাখা এই সিটির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল, কারণ সবকিছু আবার স্বাভাবিক হয়ে আসার জন্য স্কুলে পুনরায় ফিরে আসা একটি ব্যাপক ভূমিকা পালন করেছে। আমাদের পাবলিক স্কুলগুলো নিউ ইয়র্ক সিটির প্রতিটি রন্ধ্র ও অর্থনীতির জন্য অপরিহার্য। আমাদের পরিবারেরা, তাদের ছেলেমেয়েরা একটি শিক্ষায়তনিকভাবে চ্যালেঞ্জপূর্ণ এবং প্রতিটি দিন উচ্চ প্রত্যাশা করা হবে, এমন একটি সহায়ক পরিবেশে রয়েছে তা জেনে নিশ্চিন্তে তাদের নিজস্ব কর্মে যেতে পারে, সেজন্য তারা আমাদের স্কুলগুলোর উপর নির্ভর করে।

এবং 'নিরাপদ থাকুন, সব চালু রাখুন' (স্টে সেফ, স্টে ওপেন) সফল হয়েছে! তেসরা (3) জানুয়ারি, যেদিন আমি দায়িত্ব গ্রহণ করেছি, আমাদের উপস্থিতি ছিল 65%। গতকাল তা ছিল 89%।

বিশ্বব্যাপী মহামারীর কারণে দীর্ঘ সময় যাবৎ যখন আমাদের স্কুল ভবনগুলো বন্ধ ছিল, আমাদের ছেলেমেয়েদের দুর্ভোগ পোহাতে হয়েছে। স্কুল যাবার রোজকার নিয়ম বন্ধ হয়ে যাওয়া, কোনও শিক্ষকের কাছ থেকে প্রশংসা পাওয়া, তাদের বন্ধুদের সাথে লাঞ্চ করা — ওই সবকিছুই, যা আমরা সহজাত বলে ধরে নিতাম — এবিষয়ে কোনও সন্দেহ নেই যে, এটা আমাদের শিক্ষার্থীদের মানসিক ও শারীরিক মঙ্গলের উপর নেতিবাচক প্রভাব ফেলেছে। আমাদের বহু কিশোর-কিশোরী, বিশেষত আমাদের LGBTQ+ শিক্ষার্থীরা, হয়ত এমন কোনও পরিবারে বসবাস করে যেখানে তাদের প্রকৃত স্বকীয়তা প্রকাশে তাদের স্বাধীনতা নেই, হয়তবা এমনকি প্রকৃতপক্ষে নিরাপদ বোধ করে না। শিক্ষার্থীদের মানসিক ও আবেগজনিত মঙ্গলে সহায়তা করার উদ্ভাবনী, ব্যাপক কৌশলসমূহ বাস্তবায়নে আমাদের দল ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হেলথ্ এবং সেটার নতুন কমিশনার ড. আসউইন ভাসান (Ashwin Vasan)-এর সাথে নিবিড়ভাবে কাজ করবে।

এবং আমরা আমাদের শিক্ষার্থী ও কর্মীদের নিরাময়ে সহায়তা করার পাশাপাশি, আমাদের নতুন স্বাভাবিকতায় ফিরে আসায় অগ্রসরতা বজায় রাখছি। এখন, আমাদের শিক্ষার্থীবৃন্দ ও কর্মীগণ ফিরে এসেছে, আরও শিক্ষার্থী PSAL সম্পন্ন করতে সক্ষম হচ্ছে, আমাদের ক্লাসরুম ও হলওয়েগুলোতে উদ্যোম ফিরে এসেছে, এবং বিরতির সময় (রিসেস-এ) মাস্ক খুলে ফেলা হচ্ছে -- এবং আশা করছি আসন্ন সপ্তাহে ক্লাসরুমের অভ্যন্তরেও তা করা হবে। এটা যারা সম্ভব করেছে, আসুন আমরা তাদের প্রতি করতালি দেই!

একটি বিষয়ে নিশ্চিত থাকুন: আমাদের স্কুলগুলো শুধুমাত্র কোভিডের চ্যালেঞ্জই মোকাবিলা করছে না। আমাদের স্কুলগুলো বিগত পাঁচ বছরে 120,000-এর বেশি শিক্ষার্থী হারিয়েছে — এ ধারাটি বিশ্বব্যাপী মহামারীর আগেই শুরু হয়েছে এবং তা এখন ত্বরায়িত হয়েছে। আমাদের পরিবারেরা তাদের প্রস্থানের মধ্য দিয়ে তাদের মত প্রকাশ করেছে, এবং আমাদের এখনই জোর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। আস্থা পুনরায় গড়ে তোলার একটি অংশ হচ্ছে আমরা যে চ্যালেঞ্জের মোকাবিলা করছি সেবিষয়ে সত্যবাদীতা বজায় রাখা: অন্য অনেক কিছুর পাশাপাশি

- আমাদের পর্যাপ্ত পরিমাণ গ্র্যাজুয়েট শিক্ষার্থী কলেজ কিংবা পেশা জীবনের জন্য প্রস্তুত নয়;
- আমাদের বহুসংখ্যক স্কুলে নিরাপত্তামূলক সমস্যা অব্যাহত রয়েছে;
- আমাদের বহুসংখ্যক স্কুল ত্বরায়িত শিক্ষার জন্য যথেষ্ট শিক্ষায়তনিক কঠোরতা এবং সুযোগসমূহ প্রদান করে না;
- এবং আমাদের যে পরিমাণ শিক্ষার্থী তৃতীয় গ্রেডের আগে পড়তে শেখে না, তা মেনে নেয়া যায়না;

আমাদের কঠোর সত্যের মুখোমুখি হতে হবে, যা হচ্ছে এই সিস্টেমটি প্রতি বছর 38 বিলিয়ন ডলার ব্যয় করছে কিন্তু গণিত (ম্যাথ) এবং ইংরেজি ভাষা শৈলিতে (ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস্-এ) অকৃতকার্য গড় পড়তায় দুই-তৃতিয়াংশ কৃষ্ণাঙ্গ ও ল্যাটিনেক্স শিক্ষার্থীদের পিছে রেখে যাচ্ছে।

আমাদের স্কুলগুলোর, আমাদের সকল শিক্ষার্থী ও তাদের পরিবারদের জন্য আমেরিকান ড্রিম-এর চালিকা শক্তি হিসেবে কাজ করার আদি প্রতিশ্রুতি রক্ষা করতে হলে আমাদের ব্যাপকভাবে ভিন্নরূপে কাজ করা প্রয়োজন যা ফলশ্রুতিতে এক একটি বড় পদক্ষেপের মাধ্যমে আস্থা গড়ে তুলবে।

আমাদের স্কুলগুলোর আমাদের শিক্ষার্থীদের বাস্তব বিশ্ব ও তাদের কাছে যা গুরুত্বপূর্ণ সেগুলোর সাথে সংযোগ ঘটানো প্রয়োজন। আমাদের অর্থবহ শিক্ষায়তনিক অভিজ্ঞতাসমূহ প্রদান করা প্রয়োজন যা নিরাপদ, আনন্দময় এবং সম্পৃক্ততা মূলক। আমাদের শিক্ষার্থীরা যখন স্কুল থেকে পাশ করে বের হবে, তখন আমাদের অর্থনীতিতে সফল হবার জন্য আমাদের স্কুলগুলোর তাদের প্রস্তুত করা প্রয়োজন। এবং আমি বলছি *সকল* শিক্ষার্থীদের জন্য - তাদের পরিবার বাড়িতে যে ভাষাতেই কথা বলুক না কেন এবং যেকোনো বিশেষ চাহিদা কিংবা কষ্টসাধ্য পরিস্থিতিই তাদের থাকুক না কেন।

সব পিতামাতাই তাদের ছেলেমেয়েদের জন্য সবচেয়ে ভালটাই আশা করে।

কিন্তু আমাদের বহুসংখ্যক শিক্ষার্থীদের জন্যই এটা হচ্ছে না, বিশেষত অশ্বেতাঙ্গ শিক্ষার্থীদের জন্য, যারা অর্থনৈতিক উন্নতির পথ হিসেবে স্কুলগুলোর উপর নির্ভর করে। অতএব আজ, মেয়র অ্যাডামস্ এবং আমি আমাদের সিস্টেমটি রূপান্তর করতে পুরোপুরি প্রতিশ্রুতিবদ্ধ, যেন আমাদের প্রতিটি শিক্ষার্থী একটি ফলপ্রসূ ক্যারিয়ার, দীর্ঘ-মেয়াদী অর্থনৈতিক নিরাপত্তা, *এবং* পরিবর্তনের জন্য ইতিবাচক শক্তির হাতিয়ার সহ গ্র্যাজুয়েট হয়।

## আমরা কীভাবে ঐ দর্শন বাস্তবায়ন করবো

তিন দশকের বেশি সময় পরিবারবর্গ, সহকর্মী শিক্ষকবৃন্দ, এবং শিক্ষার্থীদের সাথে কথোপকথনের ভিত্তিতে আমি চারটি দৃষ্টিভঙ্গি গড়ে তুলেছি, যেগুলোকে আমি আমাদের পরিবারদের সাথে আস্থা বৃদ্ধি করার ও গড়ে তোলার স্তম্ভ বলে থাকি:

*আসুন 1 নম্বর স্তম্ভ - শিক্ষার্থী অভিজ্ঞতা নতুন রূপে ভাবনা - আলোচনার মধ্য দিয়ে শুরু করি।*

আমি সম্প্রতি রাইকারস্ আইল্যান্ড পরিদর্শন করেছি এবং সেখানে অবস্থিত তরুণ-তরুণীদের সাথে আলাপ করেছি, যারা OSHA প্রশিক্ষণ গ্রহণ করছে এবং কাঠমিস্ত্রির (কার্পেন্ট্রি) দক্ষতা অর্জন করছে, এবং তাদের কাজে তারা নিবিষ্ট, প্রতিশ্রুতিবদ্ধ, এবং সুস্পষ্টতই উৎসাহিত। যখন আমি তাদের স্কুল সংক্রান্ত পূর্ব অভিজ্ঞতা সম্পর্কে জিজ্ঞাসা করেছি, তারা সকলেই নেতিবাচক বক্তব্য রেখেছে। কিন্তু তারা এখন সম্পৃক্ত হয়েছে, কিন্ত তারা কারাবাস করছে বলে নয়, বরং তারা যা করছে তা তাদের কাছে অর্থবহ এবং প্রাসঙ্গিক। তারা তাদের জন্য একটি সু-ভবিষ্যৎ দেখতে

পেয়েছে। একজন তরুণ তার হাত উঠিয়ে জিজ্ঞাসা করেছে, "যখন আমি স্কুলে ছিলাম তখন যদি আমি প্রতিদিন এটা করতে পারতাম, তাহলে আমি প্রতিদিন স্কুলে যেতাম।"

যখন আমি স্কুল অভিজ্ঞতা নতুন রূপে ভাবনার কথা বলি যেন সেটা আমাদের শিক্ষার্থীদের জন্য প্রাসঙ্গিক হয় ও তাদের উদ্দীপিত হয়, আমি সেটাই বোঝাতে চাই। আমরা কেন এই ধরণের অভিজ্ঞতা প্রদান করি না, যেখানে শিক্ষার্থীরা সকালে ঘুম থেকে উঠে স্কুলে আসার জন্য অধীর অপেক্ষা করবে?

আমাদের শিক্ষা সম্পর্কে নতুন রূপে ভাবনার কেন্দ্রে রয়েছে শিক্ষার্থী ও পরিবারদের অঙ্গীকার, যেটার আমরা নাম দিয়েছি ক্যারিয়ার প্যাথওয়েজ্ ইনিশিয়েটিভ (পেশা জীবনের পথ সৃষ্টির উদ্যোগ)। এই উদ্যোগ আমাদের শিক্ষার্থীদের আগ্রহ ও উদ্দেশ্য উপলব্ধি সক্রিয় করতে সহায়তা করার লক্ষ্যে পেশাজীবনের সাথে সংযুক্ত শিক্ষা ও পথ সৃষ্টি করছে।

শিক্ষকবৃন্দ, ইউনিয়ন, স্টেট সরকারের নেতৃবৃন্দ, কমিউনিটি ও ব্যবসায়িক নেতৃবৃন্দের সাথে অংশীদারিত্বে, আমরা নিশ্চিত করতে চাই যে সকল শিক্ষার্থী মধ্যবিত্ত শ্রেণীতে উত্তীর্ণ হবার জন্য একটি দৃঢ় পরিকল্পনা এবং সেই পথে অগ্র যাত্রার মধ্য দিয়ে গ্র্যাজুয়েট হবে।

এই হেমন্ত (ফল) থেকে শুরু করে, আমরা সেই লক্ষ্য অর্জনে ভিত্তি স্থাপন শুরু করবো। এতে রয়েছে পরীক্ষামূলক মডেলসমূহ যা পেশাজীবনের নতুন পথ প্রতিষ্ঠা করে – আরও রয়েছে, সিস্টেম-ব্যাপী অবকাঠামো গড়ে তোলা সহ আর্লি কলেজ ক্রেডিট — এর পাশাপাশি রয়েছে নতুন STEAM সেন্টারসমূহ এবং পেশা-জীবনের প্রতি মনোনিবেশকৃত ক্লাসরুমসমূহ সম্প্রসারণ — এবং শিক্ষার্থীদের আগ্রহ ও পরিকল্পনা গড়ে তুলতে সহায়তা করার লক্ষ্যে আমাদের শিক্ষক ও স্কুল নেতৃবৃন্দদের প্রশিক্ষণ দান। আমরা কিশোর-কিশোরীদের ভাল চাকরি ও পেশায় কল্পনা করতে সহায়তা করবো, যেগুলো সম্পর্কে তারা কখনো হয়তো শুনেনি; কারণ "আপনি যা দেখতে পান না, তা হতে পারেন না।"

উপরন্তু, নিউ ইয়র্ক সিটি হচ্ছে বিশ্বের অর্থনৈতিক রাজধানী। শিক্ষক হিসেবে, ব্যক্তিগত অর্থনৈতিক শিক্ষার প্রতি অগ্রাধিকার দেয়া প্রয়োজন, যেন আমাদের শিক্ষার্থীরা অর্থনৈতিক জ্ঞানসম্পন্ন হিসেবে গ্র্যাজুয়েট হয় এবং বলিষ্ঠ অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণে ক্ষমতায়িত হয়।

এছাড়াও শিক্ষা সম্পর্কে নতুন রূপে ভাবনা, শিক্ষার্থীদের কমিউনিটি ও সিটির পরিবর্তনে ইতিবাচক শক্তি হবার হাতিয়ার সমৃদ্ধ গ্র্যাজুয়েট হওয়া সংক্রান্ত আমাদের লক্ষ্য অর্জনের সাথেও সংযোগ ঘটায়। আমাদের কিছু স্কুল ইতোমধ্যেই অত্যন্ত সক্রিয় স্টুডেন্ট গভর্নমেন্ট লালনে এবং শিক্ষার্থীদের স্কুল ও পারিপার্শ্বিক কমিউনিটিগুলোর উপকারিতার লক্ষ্যে নাগরিকভাবে সম্পৃক্ত করার অন্যান্য প্রয়াশে চমৎকার কাজ করছে। উদাহরণস্বরূপ, ব্রুকলিন অক্যুপেশনাল ট্রেনিং সেন্টার, যা একটি ডিস্ট্রিক্ট 75 স্কুল, ব্যাপক পরিসরে শিক্ষণ চাহিদাযুক্ত শিক্ষার্থীদের উৎকৃষ্ট নাগরিক শিক্ষায়

সম্পৃক্ত করতে অব্যাহতভাবে উদ্ভাবন করছে। শিক্ষক তথা টিচার ম্যাট গোরিন (Matt Gorin) ক্যাফেটেরিয়ায় বৃহৎ বৃত্তাকার ম্যাপিং-এর মাধ্যমে শিক্ষার্থীদের সম্পৃক্ত করতে অংশগ্রহণমূলক বাজেটিং রিসোর্স বা সংস্থান অভিযোজিত করেছেন, যা বাকসিদ্ধ ও বাকরুদ্ধ শিক্ষার্থীদের আলোচনা, বিতর্ক, ও একে-অন্যের প্রতি সমর্থন প্রদর্শনে এবং তাদের ধারণাসমূহ সচিত্র উপস্থাপন করার সুযোগ প্রদান করে।

এই পৌরবিজ্ঞানমূলক কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ আমাদের গণতন্ত্রের জন্য সম্পৃক্ত-নাগরিক লালন করা অপরিহার্য। আপনাদের অনেকের হয়তো মনে আছে যে, টুনাইট শো উইথ জ্যে লেনো অনুষ্ঠানটিতে তিনি প্রায়শই লস এঞ্জেলেসের হলিউড বুলেভার্ড-এ হেঁটে হেঁটে মানুষকে সাম্প্রতিক ঘটনাবলী কিংবা সরকার কীভাবে কাজ করে সেবিষয়ে অত্যন্ত মৌলিক প্রশ্নাবলী জিজ্ঞাসা করতেন। হাই স্কুল ডিপ্লোমাধারী মানুষরা তাকে অত্যন্ত হাস্যকর উত্তর দিতেন, কিন্তু একই সাথে এটা কোনও অংশেই হাস্যকর ব্যাপার ছিল না। বহু আমেরিকান ভোট দান করেন না কিংবা সরকার সম্পর্কে কিছুই জানেন না, এটা আমাদের গণতন্ত্রের জন্য এটা ভাল নয়। পাবলিক স্কুলগুলোর নাগরিকভাবে সম্পৃক্ত কিশোর-কিশোরী গড়ে তোলার কথা, যেন তারা কার্যকরভাবে আমাদের গণতন্ত্রে অংশগ্রহণ করতে পারে।

আজ শ্রোতাবৃন্দের মাঝে বহু নির্বাচিত প্রতিনিধি রয়েছেন, এবং আমরা চাই প্রতিটি শিক্ষার্থী বুঝুক আপনারা কী করেন। আমি চাই কিশোর-কিশোরীরা নাগরিক অংশগ্রহণে উদ্দীপিত হয়ে, ভোটদানের জন্য পূর্ব-রেজিস্টারকৃত হিসেবে, এবং তাদের প্রথম নির্বাচনের জন্য প্রস্তুত হয়ে স্কুল থেকে গ্র্যাজুয়েট হবে। ছেলেমেয়েরা নেতৃবৃন্দ হতে পারে, শুধু এটা বলাই যথেষ্ট নয়। আমাদের তাদের অনুশীলনের সুযোগ দিতে হবে যেন তারা বুঝতে পারে কেন ভোটদান গুরুত্বপূর্ণ এবং তা তাদের জীবনে প্রভাব বিস্তার করে।

এই কাজ অগ্রসর করার জন্য রয়েছেন আমাদের নতুন **চিফ অভ স্টুডেন্ট প্যাথওয়েজ, জেইড গ্রিভ (Jade Grieve)**, সেজন্য আমি আনন্দিত। আমরা এই ধ্রুবতারাকে বাস্তবে রূপ দিব, সেবিষয়ে আমাদের দলের কাছ থেকে আসন্ন মাসগুলোতে আপনি আরো তথ্য আশা করতে পারেন।

আমাদের ছেলেমেয়েরা যখন হাই স্কুলে পৌঁছাবে তখন তাদের গভীরভাবে সম্পৃক্ত পথে ধাবিত করার জন্য, তাদের জীবনের আশু লগ্নেই খুব ভাল পাঠক হিসেবে গড়ে তোলার জন্য সহায়তা করার চেয়ে গুরুত্বপূর্ণ আর কিছু নেই। আপনারা যারা ট্যুইড-এ কাজ করেন, তারা প্রতি সকালে উপস্থিত হবার পর, রোদ-বৃষ্টি যাই হোক না কেন, এই সাইনটি হাতে নিয়ে দাঁড়িয়ে থাকা মানুষটিকে চেনেন, সেবিষয়ে কোনও সন্দেহ নেই। এবং তিনি একদম সঠিক! ভদ্রলোকের নাম বিল (Bill), এবং তিনি ওহায়ো স্টেট-এ 20 বছরের বেশী শিক্ষকতা করেছেন।

আমরা অন্য যা কিছু করি তা থেকে **সাক্ষরতার (লিটারেসি)** গুরুত্ব আমাদের প্রতিদিন স্মরণ করিয়ে দেয়ার জন্য, বিল (Bill), আপনাকে ধন্যবাদ। আমরা যখন সমতা ও শিক্ষার বৈষম্য নিয়ে কথা বলি, রিডিং (পাঠ) রয়েছে একেবারেই সম্মুখ-সারিতে এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী ও বহু-ভাষী (মাল্টি-লিঙ্গুয়াল) শিক্ষার্থীদের নিয়ে আমরা যে চ্যালেঞ্জের সম্মুখীন হই, তার সাথে সংযুক্ত। এটা হচ্ছে আমাদের সম্মুখীন সমতা সংক্রান্ত সর্বোচ্চ সমস্যা, এবং আমরা এটা এমনভাবে মোকাবিলা করবো যে এর ফলে আমি আশা করছি বিল (Bill) তার সাইন হাতে দাঁড়িয়ে থাকা থেকে অবসর গ্রহণ করতে সক্ষম হবেন।

আমাদের রিডিং (পড়ে বোঝা) শেখানোর পদ্ধতি থেকে আমাদের চাহিদানুযায়ী ফলাফল অর্জিত হয়নি। সুতরাং, আমাদের প্রতিটি শিক্ষার্থী প্রথম থেকেই যেন বলিষ্ঠ, ধ্বনিবিজ্ঞান-ভিত্তিক সাক্ষরতার শিক্ষা-নির্দেশনা পায়, তা আমরা নিশ্চিত করবো। এছাড়াও, যত অল্প বয়সে সম্ভব সুনির্দিষ্ট কার্যকর পদক্ষেপ তৈরির লক্ষ্যে, আমরা একটি সর্বজনীন যাচাইকরণ টুল (ইউনিভার্সাল স্ক্রিনিং টুল) তৈরি করবো, যা ডিসলেক্সিয়ার ঝুঁকি শনাক্ত করবে। এতে অন্তর্ভুক্ত হবে সেসব পদ্ধতি যেগুলো উইনওয়ার্ড স্কুল নামক নিউ ইয়র্ক সিটির একটি ইন্ডিপেন্ডেন্ট স্কুলে কার্যকর প্রমাণিত হয়েছে, যেখানে ডিসলেক্সিয়া এবং সংশ্লিষ্ট চ্যালেঞ্জসমূহ মোকাবিলায় বহু-ইন্দ্রিয় ভিত্তিক পদ্ধতিসমূহ ব্যবহার করা হয়। আমাদের পরিকল্পনায় শিক্ষকদের সহায়তা এবং সক্ষমতা বৃদ্ধিও অন্তর্ভুক্ত হবে, যেন তারা ডিসলেক্সিয়াযুক্ত শিক্ষার্থীদের সহায়তা করার জন্য কার্যকর কৌশলসমূহ বাস্তবায়ন করতে পারেন।

এছাড়াও সাক্ষরতা (লিটারেসি) বিষয়ে আমরা একটি উপদেষ্টা পরিষদ (অ্যাডভাইজরি কাউন্সিল) তৈরি করবো, যেখানে আমাদের সবচেয়ে সফল কিছু শিক্ষক অংশগ্রহণ করবেন এবং আমাদের সকল শিক্ষার্থী যেন সফল পাঠক হয়ে উঠতে পারে সেই লক্ষ্যে আমরা সম্ভাব্য সবকিছু করছি তা নিশ্চিত করবেন। সাক্ষরতা এবং আমাদের অন্য সকল বিষয়বস্তুতে আমাদের একটি সাংস্কৃতিকভাবে সংবেদনশীল, নিরবচ্ছিন্ন পাঠ্যক্রম থাকবে যা আমাদের সকল শিক্ষার্থীদের জন্য প্রাসঙ্গিক হবে এবং সাহিত্যে তারা তাদের প্রতিফলন দেখতে পাবে। ফ্রেড্রিক ডগলাস (Frederick Douglass) যেভাবে বলেছিলেন, "একবার যখন আপনি পড়তে শিখবেন, আপনি চিরকালের জন্য মুক্ত হয়ে যাবেন।"

এছাড়াও আমরা শুধুমাত্র 3-K এবং প্রি-K নয়, বরং জন্মলগ্ন থেকে শুরু করে শৈশবকালীন শিক্ষা জোরদার করবো। যদি আমরা চাই আমাদের শিক্ষার্থীরা সক্ষম পাঠক হয় উঠুক, তবে আমাদের অবশ্যই ক্ষুদে ছেলেমেয়েদের শুরু থেকেই অত্যন্ত গুরুত্বপূর্ণ সাক্ষরতা ও ভাষাগত সহায়তা প্রদান করতে হবে। শিক্ষা 4 বছর বয়সে শুরু হয়না। বস্তুত, প্রথম তিন বছর শুধুমাত্র শিশুদের বেড়ে উঠা ও বিকাশের জন্যই সবচেয়ে গুরুত্বপূর্ণ নয়, বরং একটি শিশুর প্রথম তিন বছর তার ভবিষ্যৎ শিক্ষা ও জীবন-ভর সুস্বাস্থ্য ও মঙ্গলের উপর গভীরভাবে প্রভাব বিস্তার করে। এটা কর্মরত

পিতামাতাদের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ যারা তাদের সন্তানের উচ্চ-মানসম্পন্ন প্রযত্ন ও শিক্ষার জন্য আমাদের উপর নির্ভর করে। আমরা যেসব পদক্ষেপ গ্রহণ করবো সেগুলো সম্পর্কে আরো তথ্য ভবিষ্যতে দেয়া হবে। এর পাশাপাশি আমাদের CBO প্রদানকারীরা NYC-র আর্লি চাইল্ডহুড কমিউনিটির একটি অমূল্য ভিত্তিপ্রস্তর তা আমরা স্বীকার করি এবং আমরা নিশ্চিত করবো যেন তারা—এবং সকল পাবলিক স্কুল আর্লি চাইল্ডহুড ক্লাসরুমসমূহ—আমাদের ক্ষুদে শিক্ষার্থী ও তাদের পরিবারদের পরিষেবা দেয়ার জন্য পুরোপুরি সমর্থিত এবং উন্নীত। এই কাজটি **আর্লি চাইল্ডহুড এডুকেশনের ডেপুটি চ্যান্সেলর ড. কারা আহমেদ (Kara Ahmed)**-এর অধীনে সম্পন্ন হবে।

নতুন রূপে ভাবনার বিষয়সমূহের আরেকটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে **ভার্চুয়াল লার্নিং**। 2020-এর মার্চে, আমাদের সকল শিক্ষকবৃন্দ রাতারাতি ডিজিটাল শিক্ষকে পরিণত হয়েছেন, তারা প্রস্তুত থাকুক কি না থাকুন। বিগত দুই বছরে যে কঠিন শিক্ষা অর্জিত হয়েছে, এই বিশ্বব্যাপী মহামারী থেকে উত্থিত হবার পথে তা পিছু রেখে যাওয়া যাবে না। ভার্চুয়াল শিক্ষণ স্থায়ীভাবে রয়ে যাবে এবং বিশ্বের প্রতি আমাদের ক্লাসরুমগুলোর দরজা খুলে দেয়ার সম্ভাবনা রয়েছে।

অতএব, শিক্ষণ অভিজ্ঞতায় সবচেয়ে কার্যকরীভাবে প্রযুক্তি অঙ্গীভূত করার উপায় অন্বেষণ করতে আসন্ন সপ্তাহগুলোতে আমরা শিক্ষকবৃন্দ, অ্যাডমিনিস্ট্রেটর, পরিবারবর্গ, এবং শিক্ষার্থীদের নিয়ে একটি ডিজিটাল লার্নিং অ্যাডভাইজরি কমিটি গঠন করবো। এতে অন্তর্ভুক্ত হবে পরীক্ষামূলক ভার্চুয়াল কোর্স মডেলসমূহ যেখানে সর্বোচ্চ মানসম্পন্ন ডিজিটাল শিক্ষাদানে প্রশিক্ষিত ও প্রস্তুতিপ্রাপ্ত শিক্ষকগণের কাছ থেকে শিক্ষার্থীরা শিখবে।

শিক্ষকগণ তাদের দৈনিক চর্চায় ব্লেন্ডেড বা মিশ্র শিক্ষা অঙ্গীভুত করতে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সহায়-সংস্থান কীভাবে আমাদের শিক্ষকদের প্রদান করা যায়, অ্যাডভাইজরি কমিটি সেটাও অন্বেষণ করবেন। এই গুরুত্বপূর্ণ বিষয়গুলোতে আমরা ইতোমধ্যে UFT-এর সাথে যে কাজ করে যাচ্ছি, সেটার উপর ভিত্তি করে অগ্রসর হবার প্রত্যাশা করছি।

এখন থেকে, আমাদের যখনই প্রয়োজন হবে আমাদের উচ্চ মান-সম্পন্ন, সরাসরি সম্প্রচারকৃত দূর থেকে বা রিমোট শিক্ষা প্রদান করতে পাবার উচিত। এর চেয়েও বেশী, সিটিব্যাপী ভাল বিকল্পসমূহ প্রদানে বিগত দুই বছর আমরা যা শিখেছি তা আমাদের ব্যবহার করা উচিত; আমাদের কিছু শিক্ষার্থী ভার্চুয়াল শিক্ষা পছন্দ করে; কারো কারো দিনের বেলা কাজ করতে হয়; কিছু আছে যারা অসম্পৃক্ত হয়ে গেছে এবং স্কুলে ফিরে আসবে যদি তারা কিছু ক্লাস সশরীরে ও কিছু অনলাইনে করতে পারে। যেসব শিক্ষার্থীর ঐ বিকল্পসমূহ প্রয়োজন অথবা তারা চায়, তাদের জন্য আমরা সেগুলো গঠন করবো।

এবং প্রাসঙ্গিকভাবে – কোর্সের বিষয়বস্তুতে আমাদের শিক্ষার্থীরা কীভাবে দক্ষতা প্রদর্শন করতে পারে তা আমাদের নতুন রূপে ভাবা প্রয়োজন। আমাদের স্ট্যান্ডার্ডাইজড্ টেস্ট ছাড়িয়ে ভাবতে

হবে যেন শিক্ষার্থীদের চাহিদা অনুযায়ী বিষয়বস্তুতে অগ্রসর হবার জন্য তাদের নমনীয়তা থাকে এবং স্কুলসমূহের শিক্ষকতা ও শিক্ষা গ্রহণের জন্য উদ্ভাবনী, প্রচলিতের বাহিরের ধারণাসমূহ বাস্তবায়নের সুযোগ থাকে।

*তো, এটা ছিল শেখা সংক্রান্ত নতুন রূপে ভাবনার প্রথম পিলার (স্তম্ভ)। পিলার 2 হচ্ছে যেসব বিষয় ভালভাবে কাজ করছে সেগুলো কাটছাঁট করা, বহাল রাখা, এবং পুনঃস্থাপিত করা।*

এতে রয়েছে আমাদের সিস্টেমব্যাপী চমৎকার চর্চাসমূহ শনাক্ত করা এবং শেয়ার করা, যেন সেগুলো অন্যান্য স্কুলসমূহ অনুকরণের মডেল হিসেবে পরিণত হয়। আমরা বহু চমৎকার উদাহরণ তুলে ধরতে পারি:

**সাউথ ব্রংক্সে অবস্থিত ইউনিভার্সিটি হাইটস্ হাই স্কুল** এমন একটি STEM প্রোগ্রাম অফার করে যেটার ভিত্তি অভিজ্ঞতামূলক, প্রজেক্ট-ভিত্তিক শিক্ষণ। ঐ স্কুলে গ্র্যাজুয়েশনের জন্য শিক্ষার্থীরা সদ্যসৃষ্ট বিজ্ঞান কিংবা ইঞ্জিনিয়ারিং পরীক্ষা-নিরীক্ষা উপস্থাপন করে এবং সেখানে একটি পুরস্কার প্রাপ্ত রোবটিক্স টিম রয়েছে। স্কুলটি কলেজ পর্যায়ের কোর্স সহ বিবিধ অ্যাডভান্সড্ ম্যাথ এবং সায়েন্স কোর্স, এবং সংশ্লিষ্ট ইন্টার্নশীপ অফার করে।

**ব্রংক্স ইন্টারন্যাশনাল হাই স্কুল** ব্রংক্সে সদ্য আগত অভিবাসীরা, যারা ইংরেজি শিক্ষায় নতুন তাদের পরিষেবা প্রদান করে। তাদের প্রোগ্রাম এমনভাবে ডিজাইনকৃত যেন শিক্ষার্থীরা কন্সট্রাকশন ইঞ্জিনিয়ারিং, হিস্টরিক প্রিজারভেশন, এবং ওয়েব ডিজানের মত ক্ষেত্রগুলোতে CTE সার্টিফিকেশন সহ গ্র্যাজুয়েশন করতে পারে। এছাড়াও এটা একটি বলিষ্ঠ আরবান ফার্মিং প্রোগ্রাম গড়ে তুলেছে।

অতএব, **টিচিং অ্যান্ড লার্নিং অপর্চুনিটির ডেপুটি চ্যান্সেলর ক্যারোলিন কিন্টানা (Carolyne Quintana)**-এর নেতৃত্বাধীনে, আমরা চমৎকার শোকেস স্কুল এবং লার্নিং পার্টনারস্ ধারনাসমূহের উপর গড়ে তুলছি, যেটা সাবেক চ্যান্সেলর কারমেন ফারিনিয়া (Carmen Farina) চালু করেছিলেন। আমরা অত্যাধুনিক নলেজ-শেয়ারিং (জ্ঞান আদান-প্রদান) সিস্টেম গড়ে তুলবো যেন সকল নেতৃবৃন্দ ও শিক্ষকগণ তাদের ফোন ব্যবহার করে যেকোনো ক্ষেত্রে শিক্ষার্থীর চাহিদা পূরণের উত্তম পন্থা খুঁজে নিতে পারেন। তারা উপকরণ, ভিডিও, এবং বিবিধ বিষয়ে 'কীভাবে করতে হবে' গাইড খুঁজে পাবে, যেন তারা এই চর্চাসমূহ প্রয়োগ করতে পারে এবং সমগ্র স্কুলসমূহ উপকৃত হয়।

এই প্রয়াশের উদ্দেশ্য হচ্ছে—চার্টার স্কুল সহ—উৎকর্ষ স্কুলসমূহের সৃজনশীল প্রিন্সিপ্যালদের তাদের নিজস্ব ভবন ছাড়িয়ে তাদের চর্চাসমূহ সম্প্রসারিত করার সক্ষমতা প্রদান করা। একই সাথে, এটা প্রতিশ্রুতিমূলক পদ্ধতিসমূহ প্রদানের মাধ্যমে পিছিয়ে পড়া স্কুলসমূহের প্রিন্সিপ্যালদের সহায়তা করবে।

আমরা এমন একটি সংস্কৃতি গড়ে তুলতে চাই যা উত্তম পন্থাসমূহ শেয়ারে স্কুলসমূহকে প্রণোদনা প্রদান করে। আমরা এসব শিক্ষক ও নেতৃবৃন্দকে সাধুবাদ জানাতে ও তুলে ধরে চাই যেন তাঁরা কী করছে তা NYC-র প্রতিটি স্কুল দেখতে পায়। প্রায়শই, আমরা পিছিয়ে পড়া স্কুলসমূহকে ভাল হবার জন্য সমালোচনা ও ভর্ৎসনা করি, কিন্তু কীভাবে আরো ভাল হতে হবে তা দেখিয়ে দেয়ার জন্য যথেষ্ট কাজ করি না। বহুদিন যাবৎ আমরা জয়ী ও পরাজয়ী বেছে নেয়ার একটি সিস্টেমে আঁটকে আছি। যখন স্কুলগুলো পরাজিত হয়, তখন শিক্ষার্থীরা পরাজিত হয়, পরিবারেরা পরাজিত হয়, কমিউনিটি পরাজিত হয়, এবং আমাদের সিটি পরাজিত হয়। আমি চাই সবাই জয়ী হোক!

সেজন্যেই বস্তুত প্রতিটি স্কুলে ত্বরায়িত শিক্ষার সুযোগ থাকাও উচিৎ। উচ্চ মান-সম্পন্ন গিফটেড প্রোগ্রামসমূহ শিক্ষার্থীদের তাদের শিক্ষা ত্বরায়িত করার ও সফলতা অর্জনের সুযোগ প্রদান করে—যা প্রতিটি পিতামাতা তাদের ছেলেমেয়েদের জন্য চেয়ে থাকে। অতএব, আমরা সিটির সর্বত্র এই প্রোগ্রামসমূহ ছড়িয়ে দেব।

*পিলার 3 - এটি শিক্ষার্থীর সুস্থতা এবং তার সাফল্যের সাথে সংযুক্ত থাকবে। এর অন্তর্ভূক্ত প্রত্যেক শিক্ষার্থীর চাহিদার বিভিন্ন ক্ষেত্রে সহায়তার জন্য নিরাপদ স্কুলসমূহ, সবুজ স্থানগুলিতে প্রবেশের সুযোগ, উচ্চ মানের পুষ্টি, এবং সামগ্রিক-শিক্ষার্থী সহায়তা।*

যে সকল শিক্ষার্থী সুস্থ, নিরাপদ, পর্যাপ্ত পুষ্টি লাভ করার পাশাপাশি বৌদ্ধিকভাবে উদ্দীপ্ত বোধ করে, তারা মনোনিবেশে সক্ষম হয় এবং নিজেদের শিক্ষায়তনিক কাজে সম্পৃক্ত থাকে। আমাদের শিক্ষার্থীদের জন্য এই সুস্থতা বোধ তৈরির চাহিদা বিদ্যমান এবং এর জন্য মূল বিষয়গুলি শিক্ষাদানের পাশাপাশি আমাদের প্রচুর যত্ন এবং উদ্যোগ গ্রহণও আবশ্যিক। আমরা সুস্থতাকে অগ্রাধিকার দিতে কী করছি তার কিছু উদাহরণ নিচে দেয়া হলো:

- আমরা স্কুল সেফটি এজেন্টদের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে মেয়রের অফিসের সাথে কাজ করছি, এর মধ্যে আছে একটি নতুন SSA-এর ক্লাস, যারা আসন্ন সপ্তাহগুলিতে গ্র্যাজুয়েট হবে। একজন প্রাক্তন SSA হিসেবে, আমি জানি কীভাবে SSA-রা স্কুল কমিউনিটির একটি অবিচ্ছেদ্য অংশ হতে পারে। ঠিক একই গুরুত্বপূর্ণভাবে, আমরা আমাদের স্কুলগুলিকে নিরাপদ রাখার সহায়তায় সংগঠনের ভিত্তিতে আস্থাভাজন বার্তা বাহক এবং মেন্টরদেরকে কমিউনিটির সাথে সংশ্লিষ্টও করবো। দ্বন্দ্ব নিরসন এবং পুনরুদ্ধারমূলক ন্যায়ের বিষয়ে প্রশিক্ষণ বৃদ্ধি, এর একটি গুরুত্বপূর্ণ অংশ। কিন্তু স্কুলে আমাদের ছেলেমেয়েদের আচরণের প্রতি আমাদের উচ্চ প্রত্যাশা করা প্রয়োজন। এবং শিক্ষণকে সংশ্লিষ্ট এবং প্রাসঙ্গিক রাখলে শিক্ষার্থীদের আচরণ আপনাআপনিভাবে উন্নত হয়।
- স্কুল সুরক্ষা, মানসিক স্বাস্থ্য, উপস্থিতি, এবং সমৃদ্ধির সহায়তায় কমিউনিটি ভিত্তিক অংশিদারদের সাথে একযোগে কাজ করা। বিশ্বব্যাপী মহামারীর কারণে আমরা যে

ক্ষতি এবং দুঃখ-বেদনার মুখোমুখি হয়েছি, সেজন্য শিক্ষার্থীরা যেন নিয়মিতভাবে স্কুলে যায় এবং বাড়তি সমৃদ্ধিমূলক কাজকর্ম করে, সেটার পাশাপাশি তাদের মানসিক স্বাস্থ্যের চাহিদাও আমাদের পূরণ করতে হবে।

- আমাদের শিক্ষার্থীদের প্রাণের ক্ষুধা পূরণে বাহ্যিক চমৎকার মিউজিয়াম, বিভিন্ন পার্ক, এবং কর্মকাণ্ড পরিদর্শনে নেয়ার মাধ্যমে ক্লাসরুমের চার দেয়ালের বাইরে শিক্ষাকে সম্প্রসারিত করবো। সাম্প্রতিক একটি গবেষণায় দেখা গেছে যে, যেসব শিক্ষার্থী দুই বছরে ছয়টি ফিল্ড ট্রিপে বিভিন্ন সাংস্কৃতিক সেন্টারে গিয়েছে তারা, একটি নিয়ন্ত্রিত গ্রুপে যারা ঐ ধরনের পরিদর্শনে যায়নি, তাদের চেয়ে তুলনামূলকভাবে অধিক শিক্ষায়তনিক অগ্রগতি সাধন করেছে। আমাদের উচিত আমাদের অসাধারণ সিটির চারপাশে যেসব সমৃদ্ধ সাংস্কৃতিক পরিবেশ রয়েছে সেগুলির পুরো সুযোগ গ্রহণ করা। এতে রয়েছে সকল আর্টস্: মিউজিক, থিয়েটার, ড্যান্স, পেইন্টিং (চিত্রকলা), ভাস্কর্য—*সবকিছুই।* সুতরাং, সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহে আপনি আরও বেশি ফিল্ড ট্রিপ এবং আরও বেশি অংশিদারীত্ব দেখতে পাবেন। আমরা যখন বিশ্বব্যাপী মহামারী থেকে বের হয়ে আসছি, তখন এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ — শিক্ষার্থীদের আবেগজনিত এবং শিক্ষায়তনিকভাবে উপশমের একটি সর্বাধিক কার্যকর উপায় হচ্ছে শিল্পকলা (আর্টস্)। ছবি আঁকায় অথবা পার্কের মাঝে হেঁটে সময় ব্যয় করা একটি নিরাময়ের অভিজ্ঞতা, যা আমাদের শিক্ষার্থীরা যথেষ্ট পরিমাণে পায় না।
- আমরা আমাদের স্কুলগুলির ধারণ ক্ষমতা বৃদ্ধি করতে যাচ্ছি যা মান-সম্মত মননশীলতা অনুশীলনের সুযোগ প্রদান করে, এর অন্তর্ভুক্ত যোগ-ব্যায়াম এবং ধ্যান-করা, যা বৈজ্ঞানিকভাবে গবেষণালব্ধ, প্রমাণ-ভিত্তিক, এবং সাংস্কৃতিকভাবে সাড়াদায়ক।

**ড. জোয়ানা জনসন (Dr. Jawana Johnson), চিফ অভ স্কুল কালচার, ক্লাইমেট অ্যান্ড ওয়েল-বিইং**-এর নেতৃত্বে, এই কাজটি আমাদের সিস্টেমের পদ্ধতির একটি গুরুত্বপূর্ণ অংশ হবে যা পূর্ণভাবে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারদের সহায়তা করবে।

*সর্বশেষে, পিলার 4 হচ্ছে আমাদের পরিবারগুলিকে আমাদের প্রকৃত অংশীদার হিসেবে সংশ্লিষ্ট করা, যেটা নিজেই আস্থা তৈরির একটি শক্তিশালী পথ।*

আমরা এটি নিশ্চিত করবো যে, আমাদের পরিবারসমূহের সাথে আমরা ঘনিষ্ঠ যোগাযোগ রাখছি, তাদের দক্ষতাকে পৃষ্ঠভাগে নিয়ে এসে আমাদের শিক্ষার্থীদের আরও কার্যকর শিক্ষা ও সহায়তাদানে আমরা নিজেদের সক্রিয় করতে পারি। গবেষণায় দেখা যায় যে, যেসকল বিষয়সমূহ শিক্ষার্থীর ইতিবাচক ফলাফল নির্ধারণ করে, সেই তালিকার ঊর্ধ্বে আছে পরিবারের সংশ্লিষ্টতা।

পিতামাতারা তাদের সন্তানদের বোঝে। আমরা জানি যে, যখন স্কুল শিক্ষাবিদ হিসেবে আমাদের দক্ষতা পরিবারের প্রভাবের সাথে সম্মিলিত হয়, তখন সেটা জাদুর মতো কাজ করে; শিক্ষার্থীরা শুধু শিক্ষায়তনিকভাবেই সফল হয় না, বরং তারা শারীরিক, আবেগজনিত, এবং সামাজিকভাবেও সফল হয়। আমরা নীতি প্রণয়নে এবং সকল স্তরে সেই নীতি বাস্তবায়নে পরিবারদের সাথে সংশ্লিষ্ট হবো। আমি এমন কোনও নীতি তৈরি করতে চাই না যেখানে পরিবারেরা প্রক্রিয়ার অংশ নয়।

আমাদের ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট ডিপার্টমেন্ট - সুপারিনটেনডেন্ট, স্কুল নেতৃবৃন্দ, এবং অন্য স্কুল কর্মীদের পেশাগত উন্নয়নে সহায়তাদান করবে, যেন তারা তাদের নির্দিষ্ট স্কুল কমিউনিটিতে পরিবারদের মতামত স্থায়ীভাবে গ্রহণের উপায় খুঁজে পায়। এর মধ্যে আছে পরিচালনা কাঠামোয় সহায়তা প্রদান যেমন প্যারেন্ট অ্যাসোসিয়েশন, PTAs, স্কুল লিডারশিপ টিমসমূহ এবং সিটিওয়াইড কাউন্সিল যাতে তারা নীতি সম্পর্কিত সুপারিশ প্রদান করতে সক্ষম হয় যা আমাদের স্কুলগুলি এবং পুরো সিস্টেমের জন্য কার্যকর। এর অর্থ এই যে, আমাদের DOE ওয়েবসাইটটিকে আরও পরিবার-বান্ধব করে তুলতে কিছু জিনিস যোগ-বিয়োগ এবং হালনাগাদ করতে হবে। এই কাজটি **ফ্যামিলি অ্যান্ড কমিউনিট এনগেজমেন্ট অ্যান্ড এক্সটারনাল অ্যাফেয়ার্স-এর ডেপুটি চ্যান্সেলর কেনিটা লয়েড (Kenita Lloyd)**-এর নেতৃত্বে সম্পন্ন হবে বলে আমি খুবই আনন্দিত বোধ করছি।

আমাদের চারটি পিলার এবং আমরা যা করছি তার সবকিছু শক্তিশালী করতে, আমাদের NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনকে আরও সাড়াদানকারী ও দক্ষ করে তুলতে হবে, এবং আমাদের প্রতিদিন যে মূল্যবোধের উপর কাজ করি তা নিয়ে আরও ভাবতে হবে - বৈচিত্র্যময়তা, সমতা, এবং অন্তর্ভুক্তিকরণ। আমরা এটি করবো আমাদের নব্য গঠিত DEI অফিসের মাধ্যমে, যার নেতৃত্ব দিচ্ছেন চিফ ডাইভারসিটি অফিসার ক্যারিন অ্যাপোলন (Karine Apollon), এবং আমাদের কেন্দ্রীয় অফিসের টিমগুলি কীভাবে কাজ করে তা পুনর্মূল্যায়নের মাধ্যমে। চ্যান্সেলর হিসেবে আমার নিযুক্তির ঘোষণায়, আমি আমাদের সেন্ট্রাল অফিসগুলির প্রতি কিছু অস্বস্তি তৈরি করেছিলাম এই বলে যে, যদি আপনারা প্রদর্শন করতে সক্ষম না হন কীভাবে আপনাদের কাজ আমাদের শিক্ষার্থী অথবা পরিবারদের জন্য অবদান রাখে, তবে সে কাজের প্রয়োজন নেই। আমি বিষয়টি পরিষ্কার করতে চাই: আমরা আমাদের কেন্দ্রীয় অফিসগুলিকে পুনর্গঠন করতে চাই যাতে নিশ্চিত করা যায় যে, আমরা আমাদের ট্যাক্স প্রদানকারীদের প্রতিটি ডলারের প্রতিটি পেনি ফলদায়কভাবে ব্যবহার করছি, যেন আমিসহ আমাদের সকলে স্কুল এবং আমাদের শিক্ষার্থী ও পরিবারদের সাথে সরাসরি কর্মরতদের পরিষেবায় কাজ করছি।

আমি অভিপ্রায় হচ্ছে সহায়-সংস্থানসমূহ আমাদের স্কুলগুলির অভিমুখী করা। এর অন্তর্ভুক্ত এই বিষয়টি নিশ্চিত করা যাতে আমাদের সুপারিনটেনডেন্টগণ আমাদের স্কুল কমিউনিটি ডিস্ট্রিক্টগুলি

এবং স্কুলসমূহে নেতৃত্বদানের বিশাল দায়িত্ব পালনের সঠিক ব্যক্তিবর্গ হন, এবং তারা তাদের আসনে আসীন থাকাকালে সঠিক ব্যক্তিগণকে রিসোর্স প্রদান করতে পারেন।

আমি প্রাতিষ্ঠানিকভাবে এখন ঘোষণা করছি যে, আমরা এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্টের পদটি পরিহার করবো কারণ এটি স্কুলসমূহ এবং শিক্ষার্থীদের পর্যাপ্ত মূল্য সৃষ্টি না করে শুধু আমলাতন্ত্রের আরেকটি ধাপ যোগ করে।

এবং আমরা প্রত্যেক সুপারিনটেনডেন্টকে তাদের চাকরির জন্য পুনরায় আবেদন করতে অনুরোধ জানিয়েছি যাতে মূল্যায়ন করতে পারি তারা উদ্ভাবনী স্কুল এবং স্কুল নেতৃত্বকে সহায়তাদানে এবং এর পাশাপাশি আমাদের দীর্ঘ-মেয়াদী অর্থনৈতিক নিরাপত্তা সংক্রান্ত অঙ্গীকারসমূহের জন্য যোগ্য ব্যক্তি কিনা। সিটিব্যাপী স্কুল নেতৃত্বকে আবেদন করতে উৎসাহিত করে এমন একটি প্রক্রিয়ায় সংশ্লিষ্ট হতে যাচ্ছি যেটার সাথে কমিউনিটি সম্পৃক্ত। অতিরিক্তভাবে, আমরা একটি প্রকৃত হাই স্কুল ডিভিশন গঠন করতে যাচ্ছি যেটা বর্তমানে অনুপস্থিত, এতে সহায়তার একটি সিস্টেম থাকবে।

এবং সর্বশেষে, একটি বিষয় আমি নিশ্চিতভাবে জানি যে, আমাদের স্কুলগুলিতে কোনও নাটকীয় পরিবর্তন আনার সবচেয়ে বড় সুযোগটি হলো অসাধারণ স্কুল নেতৃবৃন্দদের কাজে পূর্ণ সহায়তা প্রদান। 11 বছরের অধিক সময় ধরে দুটি ভিন্ন স্কুলের একজন প্রাক্তন প্রিন্সিপ্যাল হিসেবে, আমি এই বিষয়টি প্রত্যয়ন করতে পারি যে, অধিকাংশ উদ্ভাবনী জিনিস যা প্রিন্সিপ্যালগণ করে থাকেন সেটি তারা করেন DOE নির্বিশেষে, DOE-এর কারণে নয়। এইসব উদ্ভাবনী নেতৃবৃন্দ হলেন সেসব ব্যক্তি যাদের হাতে রয়েছে আমাদের সিস্টেম পরিবর্তনের চাবিকাঠি। সুতরাং আমরা এমন একটি সিস্টেম তৈরি করবো যা মহৎ নেতৃবৃন্দদের স্বাধীনতা দিয়ে প্রকৃত উদ্ভাবনী হবার সুযোগ প্রদান করে এবং প্রথাগত আমলাতন্ত্রের কারণে লাইনচ্যুত হতে দেয় না।

এইসব প্রয়াশে আমাদের ফার্স্ট ডেপুটি চ্যান্সেলর ড্যানিয়েল ওয়াইজবার্গ (Daniel Weisberg) এবং ডেপুটি চ্যান্সেলর অভ স্কুল লিডারশিপ ডেসমন্ড ব্ল্যাকবার্ন (Desmond Blackburn) আমার সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবেন।

**উপসংহার:**

এই হচ্ছে NYC-এর শিক্ষার্থী এবং পরিবারবর্গকে পরিষেবাদানের দর্শন এবং এক গুচ্ছ উদ্দেশ্য, যেগুলোর প্রতি মেয়র অ্যাডামস্ এবং আমি প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু, আমি অত্যন্ত স্পষ্টভাবে জানাতে চাই, এটি প্রক্রিয়ার শুরু মাত্র, শেষ নয়। এখন আমার টিম এবং আমি কীভাবে আমাদের সিটির শিক্ষাকে পরিবর্তন করতে যাচ্ছি সেটি আলোচনা করতে শিক্ষার্থী, পরিবার, শিক্ষাবিদ, আমাদের ইউনিয়ন, কমিউনিটি এবং নির্বাচিত নেতৃত্বের সাথে সংশ্লিষ্ট হবো। শুধু একটি করেই এই

প্রক্রিয়াটি ক্ষান্ত হবে না। এই কাজ অব্যাহতভাবে চলবে, কারণ আমাদের স্বার্থসংশ্লিষ্টদের মতামত শুধুমাত্র সর্বোত্তম পথ নয়, কিন্তু এটি একমাত্র উপায় যার ফলে আমাদের *স্থায়ী* উন্নতি হবে।

আমি জানি, যে দর্শন মেয়র অ্যাডামস্ এবং আমি শেয়ার করি সেটি বলিষ্ঠ এবং উচ্চাকাঙ্খী, কিন্তু ধাপে ধাপে গ্রহণ করা পদক্ষেপসমূহ আমাদের পরিবারেরা আমাদের স্কুলগুলো সম্পর্কে কী ভাবে সেটায় মৌলিক কোনও পরিবর্তন ঘটাবে না। আমরা ইতোমধ্যে দৃঢ়ভাবে শুরু করার মাধ্যমে অগ্রসর হচ্ছি, সেজন্য "নিরাপদ থাকুন, সব চালু রাখুন" (স্টে সেফ, স্টে ওপেন)-এর প্রতি ধন্যবাদ; এবং আমরা ঐ প্রাথমিক অগ্রগতির উপর ভিত্তি করে অগ্রসর হবার মধ্য দিয়ে নব্যপ্রাপ্ত আস্থা গড়ে তুলবো।

সর্বশেষে, যেকোনো ভালো শিক্ষক যেভাবে করে থাকে, সেভাবে আমরা একত্রে কাজ করে যেসব অর্জন করবো, আমাকে সেগুলোর একটি সার-সংক্ষেপ প্রদানের সুযোগ দিন:

1. আমাদের সংগঠনের সংস্কারসাধন করা এবং সবাইকে স্কুলগুলোকে সহায়তাদানে মনোনিবেশ করানো।
2. জন্ম থেকে পাঁচ বছর বয়স পর্যন্ত উচ্চ মানের প্রযত্ন এবং শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা।
3. প্রমাণিত ধ্বনিবিজ্ঞান-ভিত্তিক সাক্ষরতার (লিটারেসির) শিক্ষা-নির্দেশনা ব্যবহার করা যেন আমাদের প্রতিটি শিক্ষার্থী তৃতীয় গ্রেডে পড়তে সক্ষম হয়।
4. শৈশবকালে ডিসলেক্সিয়া এবং অন্যান্য স্বাস্থ্যগত অবস্থা শনাক্ত করতে নতুন যাচাই পদ্ধতির ব্যবহার করা, যেন আমরা অধিকতর কার্যকরভাবে ব্যবস্থা গ্রহণ করতে পারি।
5. প্রাইভেট এবং অলাভজনক সেক্টরের পার্টনারদের সাথে নতুন এবং গভীর সহযোগিতা তৈরি যা প্রত্যেক শিক্ষার্থীর জন্য দীর্ঘ-মেয়াদী আর্থিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যের প্রতি অগ্রাধিকার দেয়ার পাশাপাশি অঙ্গীকার করা যেন প্রতিটি শিক্ষার্থী ডিপ্লোমাসহ হাই স্কুল গ্র্যাজুয়েট হবে **এবং** একটি ভালো চাকরি এবং পেশার পথ পাবে।
6. আমাদের স্কুলগুলির উত্তম পন্থাসমূহ শেয়ার করা এবং একে অপরের কাছ থেকে শেখার ক্ষমতা সহজীকরণে প্রযুক্তি ব্যবহার করা।
7. এই মানসিক চাপযুক্ত বিশ্বব্যাপী মহামারীর দুই বছর পার হবার পর আমাদের শিক্ষার্থী এবং পরিবারের সামাজিক এবং আবেগজনিত চাহিদা পূরণের সহায়তায় সফল উদ্যোগসমূহের উপর ভিত্তি করে অগ্রসর হওয়া।

দেখুন, আমাদের পরিবারদের স্কুলে ফিরিয়ে আনা প্রয়োজন, জরুরিভিত্তিতে। তাদের সাথে অংশিদারীত্বের মাধ্যমে, আমি আজ যা বলেছি সেগুলো আস্থার অপরিহার্য উপাদান গড়ে তুলতে সাহায্য করবে।

এবং, এতে অন্তর্ভুক্ত একে অপরের প্রতি আস্থা রাখা। এখানে কাজ করে এমন একজন ব্যক্তি আমাকে একদিন বলেছিল যে, তিনি এই বিল্ডিংয়ে এবং যেসব পরিবারের সাথে তিনি কথা বলেছেন তাদের মাঝে তিনি একটি নতুন আশার আলো অনুভব করছেন। আমরা ইতোমধ্যে আমাদের সংস্কৃতিতে ইতিবাচকভাবে পরিবর্তন আনা শুরু করেছি, এবং আমরা সবেমাত্র শুরু করেছি! তো, আসুন কাজ শুরু করে দেই!